27

তারিখ ০1 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ৮

আজকের কাগজ

# ঝিনাইগাতী মহিলা উন্নয়ন সংস্থা ১০৫টি গণশিক্ষা কেন্দ্র চালু করেছে

শেরপুরের ঝিনাইগাতীতে দরিদ্র মহিলা উন্নয়ন সংস্থা ১০৫টি গণশিক্ষা কেন্দ্র চালু করেছেন। ২ হাজার সালের মধ্যে সবার জন্যে শিক্ষা কর্মসূচির অংশ হিসেবে, দরিদ্র মহিলা উন্নয়ন সংস্থা, ঝিনাইগাতী থানার বিভিন্ন গ্রামে মোট ১শ' ৫টি গণশিক্ষা কেন্দ্র অর্থাৎ বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু করেছেন। উক্ত সংস্থা স্বেচ্ছা শ্রমের মাধ্যমে প্রকল্পটি হাতে নিয়াছেন। গত ২০ এপ্রিল থেকে কেন্দ্রগুলো চালু করে নিয়মিত বয়স্ক, নিরক্ষর, মহিলাদেরকে তাদের নাম দস্তখতসহ সাধারণ পত্রপত্রিকা যাতে পড়তে পারে এ ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির সঙ্গে তাদেরকে আত্মকর্মসংস্থান ও আত্মসামাজিক উন্নয়নের জন্য সংস্থাটি বাস্তব মুখি কিছু পদক্ষেপ গ্রহণ করেছেন। ঝিনাইগাতী থেকে হারুন-অর-রশিদ দুদু।

BANGLADESH BUREAU OF EDUCATIONAL INFORMATION AND STATISTICS
KEEP FOR NEWSPAPER CLIPPINGS